

স্বাস্থ্য সনদ প্রদানে অর্থ আদায় : সিভিল সার্জন অফিসে দুদকের অভিযান

অভিযানের তারিখ: ২৬ আগস্ট, ২০১৮ খ্রি: ।

কুমিল্লা সিভিল সার্জন অফিসে বিদেশ গমনেচ্ছুক শ্রমিকদের স্বাস্থ্যগত ছাড়পত্র প্রদানে জনপ্রতি অবৈধভাবে ৮-৯ হাজার টাকা অর্থ আদায় করা হচ্ছে, দুদক হটলাইনে (১০৬) আগত এরূপ অভিযোগের ভিত্তিতে সহকারী পরিচালক আবু হেনা আশিকুর রহমানের নেতৃত্বে দুই সদস্যের একটি টিম গতকাল (২৬/০৮/২০১৮) কুমিল্লা সিভিল সার্জন অফিসে গমন করে। দুদক টিম সরেজমিন পরিদর্শনে জানতে পারে, সিভিল সার্জন অফিসে আগত শ্রমিকদের স্বাস্থ্য সনদ প্রাপ্তির জন্য বেশ কিছু টেস্ট করানোর বাধ্যতামূলক। কিন্তু শ্রমিকরা বেসরকারি হাসপাতাল থেকে টেস্ট করাতে বাধ্য হচ্ছেন। এতে নিম্ন আয়ের শ্রমজীবী মানুষরা দুর্নীতি ও হয়রানির শিকার হচ্ছেন। দুদক টিম এর উপস্থিতিতে কুমিল্লা জেলা সিভিল সার্জন তাঁর দপ্তরে এক সপ্তাহের মধ্যে এসব দুর্নীতি বন্ধের অঙ্গীকার ব্যক্ত করেন। এছাড়াও তিনি তাঁর দপ্তরে দুর্নীতি বিরোধী প্রচারনার নিশ্চয়তা দেন।

এ অভিযান পরিচালনা প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনীর চৌধুরী জানান, “বিদেশগামী শ্রমিক-কর্মচারীদের স্বাস্থ্য সনদ প্রদানে দুর্নীতিবন্ধে এ অভিযান চালানো হয়েছে এ নিয়ে সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে।”